# Times Today BD

সিনিয়র রিপোর্টার | আন্তর্জাতিক | 11 April, 2025

যুক্তরাষ্ট্রে হেলিকপটার দুর্ঘটনায় শিশুসহ ছয়জন নিহত হয়েছেন।তাদের মধ্যে পাঁচজনই ছিলেন একই পরিবারের সদস্য।বৃহস্পতিবার (১০ এপ্রিল) স্থানীয় সময় বিকাল ৩টা ১৭ মিনিটে নিউ ইয়র্ক সিটির হাডসন নদীতে পর্যটন হেলিকপ্টারটি পতিত হয়।মার্কিন সংবাদমাধ্যম এবিসি নিউজ এ খবর জানিয়েছে।

কর্তৃপক্ষ জানিয়েছে, দুর্ঘটনার শিকার বাহনটি নিউ ইয়র্ক হেলিকপ্টার্স নামের একটি প্রতিষ্ঠান থেকে ভাড়া নেওয়া হয়। হেলিকপটারটিতে চালকসহ দুইজন প্রাপ্তবয়স্ক এবং তিন শিশুযাত্রী ছিল।

চালক বাদে নিহত সবাই স্পেনের বার্সেলোনা থেকে আসা একই পরিবারের সদস্য বলে নিশ্চিত করেছেন দুই স্প্যানিশ কর্মকর্তা।

পুলিশের সূত্রে এবিসি নিউজ জানতে পেরেছে, নিহত চালকের বয়স ছিল ৩৬। আর যাত্রীদের মধ্যে ছিলেন ইউরোপীয় অটোমেশন প্রতিষ্ঠান সিয়েমেন্স এর একজন নির্বাহী কর্মকর্তা আগুস্তিন এসকোবার, তার স্ত্রী মারসি কাম্পরুবি মোনতাল এবং তাদের তিন শিশু সন্তান।শিশুদের বয়স ছিল চার, পাঁচ এবং ১১ বছর।

দুর্ঘটনার পর এক সংবাদ সম্মেলনে স্থানীয় কর্মকর্তারা জানিয়েছেন, নিউ জার্সির হোবোকেনের রিভার ড্রাইভ উপকূলের কাছে এই দুর্ঘটনা ঘটে। ওয়াল স্ট্রিট হেলিপোর্ট থেকে বিকাল ৩টার দিকে হেলিকপ্টারটি উড়াল দেয়।এটি জর্জ ওয়াশিংটন ব্রিজ পর্যন্ত পৌঁছে তারপর দক্ষিণ দিকে রওয়ানা দেওয়ার কিছুক্ষণের মধ্যেই বিধ্বস্ত হয়।

দুর্ঘটনার খবরে সামাজিক যোগাযোগমাধ্যমে শোক প্রকাশ করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।দুর্ঘটনার ভিডিও ফুটেজ দেখে একে মর্মান্তিক এবং ভয়াবহ বলে উল্লেখ করেছেন তিনি।

শোক প্রকাশ করে নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেছেন, দুর্ঘটনার শিকার সকলের জন্য আমাদের হৃদয় আজ ব্যথিত।

হেলিকপটার যুক্তরাষ্ট্র পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 00:46

URL: https://timestodaybd.com/international/124331606